



BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৯০০/সার্কুলার/সদস্য/২০২৬/০২/০০২৭৪

তারিখ: ২৮ ফেব্রুয়ারী ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: সরকারি যাকাত তহবিলে যাকাত/অনুদান প্রদানের অনুরোধ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

বিকেএমইএ'র শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় ধর্ম উপদেষ্টার পরামর্শে বাংলাদেশ সরকারের ধর্মবিষয়ক মন্ত্রণালয়, যাকাত তহবিল বিভাগ, ইসলামী ফাউন্ডেশন একটি পত্রের মাধ্যমে জাতীয় যাকাত তহবিলে যাকাত প্রদানের জন্য বিকেএমইএ'র সদস্যদের প্রতি অনুরোধ জানিয়েছেন। উক্ত পত্রের স্মারক নং: ১৬.০১.০০০০.০১৫.০১.০৬৩.১৬(৭০০০); তারিখ: ২০-০১-২০২৬ খ্রি।

উক্ত পত্র মোতাবেক, ২০২৫-২৬ অর্থবছরে সরকারি যাকাত ফান্ডে যাকাত আদায়ের লক্ষ্যমাত্রা পূরণের জন্য যাকাত বোর্ডের ৬৫তম সভায় একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেই সিদ্ধান্ত অনুযায়ী, যাকাত বোর্ডের সদস্য ও বিকেএমইএ সভাপতি সংগঠনের সদস্য প্রতিষ্ঠানের নিকট পত্র প্রেরণ এবং যাকাত প্রদানে উৎসাহিত করার দায়িত্ব অর্পণ করা হয়েছে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

যাকাত মুসলমানদের জন্য একটি ফরজ ইবাদত হলেও, এর মূল উদ্দেশ্য হলো মানবকল্যাণ। সরকারি যাকাত ফান্ডে সংগৃহীত অর্থ দরিদ্র, অসহায়, অনাথ, বিধবা, শারীরিকভাবে অক্ষম ও প্রান্তিক জনগোষ্ঠীর কল্যাণে ব্যয় করা হয়। অর্থাৎ, এটি কেবল ধর্মীয় দায়িত্ব পালনের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং এটি একটি জাতীয় সামাজিক কল্যাণ তহবিল; যা ধর্মীয় বিধি-বিধান অনুসরণপূর্বক ধর্ম-বর্ণ নির্বিশেষে অভাবগ্রস্ত মানুষের কল্যাণে ব্যবহার করা হয়।

অতএব, বিকেএমইএ'র সদস্যভুক্ত সকল শিল্প প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে যে-আপনার প্রতিষ্ঠান থেকে যাকাতের অর্থ সরকারি যাকাত ফান্ডে প্রদানের উদ্যোগ গ্রহণ করুন। এর মাধ্যমে মুসলিম সদস্যরা তাদের ধর্মীয় ফরয বিধান পালন করতে পারবেন।

আমাদের সম্মিলিত অবদান কেবল দরিদ্র ও অভাবী মানুষের দুঃখ-দুর্দশা লাঘবের মাধ্যমেই সীমাবদ্ধ থাকবে না; বরং এর মাধ্যমে সমাজে একটি ন্যায়ভিত্তিক, ভারসাম্যপূর্ণ ও মানবিক পরিবেশ প্রতিষ্ঠা করা সম্ভব হবে। আমাদের প্রতিটি সহযোগিতা শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান ও পুনর্বাসনের মতো মৌলিক ক্ষেত্রে সুবিধাবিধিত জনগোষ্ঠীর জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে। একইসাথে, সামগ্রিকভাবে এটি সামাজিক সংহতি বৃদ্ধি করবে, বৈষম্য কমাতে এবং টেকসই উন্নয়নের পথ সুগম করবে। ফলে এ উদ্যোগ কেবল দান নয়, বরং একটি দীর্ঘমেয়াদি মানবিক বিনিয়োগ হিসেবে আমাদের সমাজকে আরও সহনশীল, সহর্মী ও সমৃদ্ধ ভবিষ্যতের দিকে এগিয়ে নেবে।

আপনাদের সক্রিয় সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

মোহাম্মদ হাতেম

সভাপতি, বিকেএমইএ

অনুলিপি : জাতীয় যাকাত বোর্ড

হিসাবের নাম: বিকেএমইএ-যাকাত ফান্ড
হিসাব নম্বর: ২০৫০১০৮০১০০৪৮৮২১৮
ব্যাংকের নাম: ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি
ব্যাংকের শাখা: নারায়ণগঞ্জ শাখা
রাউটিং নং: ১২৫৬৭১১৮৫

Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224437646, **E-mail :** info@bkmea.com

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, **E-mail :** info@bkmea.com

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, **E-mail :** bkmeactg@bbts.net

Log on : www.bkmea.com